

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০১৭

১০. কিতাবুল জানাইয এবং জানায়ার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (কিতাবُ الْجَنَائِزُ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مُؤَخِّرًا)

পরিচেদঃ কোন মৃত ব্যক্তির পক্ষে দুইজন মুসলিম ব্যক্তি কল্যাণের সাক্ষ দিলে, তার জন্য জান্নাত ওয়াজিব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ إِيجَابِ الْجَنَّةِ لِلْمَيِّتِ إِذَا شَهَدَ لَهُ رَجُلٌ مِّنَ الْمُسْلِمِينَ بِالْخَيْرِ

আরবী

3017 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلَيِّ بْنِ الْمُتَّنِّى قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِسْمَاعِيلَ الطَّالِقَانِيُّ  
قَالَ: حَدَّثَنَا الْمَقْرِئُ قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ أَبِي الْفُرَاتِ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ بُرِيَّةَ عَنْ أَبِي  
الْأَسْوَدِ الدِّيلِيِّ قَالَ: أَتَيْتُ الْمَدِينَةَ وَقَدْ وَقَعَ بِهَا مَرَضٌ فَهُمْ يَمْوُتُونَ مَوْتًا ذَرِيعًا فَجَلَسْتُ  
إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَمَرَرْتُ بِهِ جَنَازَةً فَأَثْنَيَ عَلَى صَاحِبِهَا خَيْرًا فَقَالَ عُمَرُ: وَجَبَتْ ثُمَّ  
مُرْ بِأُخْرَى فَأَثْنَيَ عَلَى صَاحِبِهَا شَرًّا فَقَالَ عُمَرُ: وَجَبَتْ، قَالَ أَبُو الْأَسْوَدِ: وَمَا وَجَبَتْ يَا  
أَمِيرَ الْمُؤْمِنِينَ؟ قَالَ: كَمَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَيُّمَا مُسْلِمٍ يَشَهِّدُ لَهُ  
أَرْبَعَةُ بِخَيْرٍ إِلَّا أُدْخِلُهُ اللَّهُ الْجَنَّةَ) قَالَ: قُلْنَا: وَثَلَاثَةٌ قَالَ: (وَثَلَاثَةٌ) قَالَ: فَقُلْنَا: وَاثْنَانِ قَالَ:  
(وَاثْنَانِ) وَلَمْ نَسْأَلُهُ عَنِ الْوَاحِدِ.

الراوي : أَبُو الْأَسْوَدِ الدِّيلِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3017 | خلاصة حكم المحدث: صحيح - ((أحكام الجنائز))

.(61) خ.

বাংলা

৩০১৭. আবুল আসওয়াদ আদ দিলী থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি একবার মদীনায় আসি এমন অবস্থায় যে, তখন সেসময় এক মরণ ব্যবির প্রাদুর্ভাব ঘটেছে। ফলে লোকজন দ্রুত মারা যাচ্ছিল। আমি উমার বিন খাতাব রাদ্বিয়াল্লাহু আনহুর পাশে বসলাম। অতঃপর তার আনহু পাশ দিয়ে একটি জানায়া নিয়ে যাওয়া হলে লোকজন তার ভালো প্রশংসা করেন। তখন উমার বিন খাতাব রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “অবধারিত হয়ে গেলো।” তারপর তাঁর পাশ দিয়ে আরেকটি জানায়া নিয়ে যাওয়া হলে লোকজন তার সম্পর্কে মন্দ কথা বলেন। তখন উমার বিন

খাত্তাব রাদিয়াল্লাহু আনভও বলেন, “অবধারিত হয়ে গেলো।”

আবুল আসওয়াদ বলেন, “হে আমীরুল মুমিনীন, কী অবধারিত হয়ে গেলো?” জবাবে তিনি বলেন, “বিষয়টি তেমনিই, যেমনটা রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তিনি বলেছেন, “কোন মুসলিম ব্যক্তির পক্ষে চারজন ব্যক্তি ভালো সাক্ষ্য দিলে, মহান আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন।”

উমার বিন খাত্তাব রাদিয়াল্লাহু আনভ বলেন, “তখন আমরা বললাম, “আর তিনজন (ভালো সাক্ষ্য দিলে)?” জবাবে তিনি বলেন, “তিনজন সাক্ষ্য দিলেও (মহান আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন)।”

উমার বিন খাত্তাব রাদিয়াল্লাহু আনভ বলেন, “আমরা বললাম, “আর দুইজন (ভালো সাক্ষ্য দিলে)?” জবাবে তিনি বলেন, “দুইজন সাক্ষ্য দিলেও।”

আর আমরা তাঁকে একজন সম্পর্কে জিজ্ঞেস করিনি।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩০; নাসাঈ: ৪/৫০-৫১; সহীল বুখারী: ১৩৬৮; তিরমিয়ী: ১০৫৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ৬১ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: আবুল আসওয়াদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92347>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন